

## ■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ১০৪৮

৮/ জানায়া (كتاب الجنائز عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৫৫. কবরে লাশের নিচে একটি কাপড় বিছিয়ে দেওয়া

بَابٌ مَا جَاءَ فِي التَّوْبِ الْوَاحِدِ يُلْقَى تَحْتَ الْمَيِّتِ فِي الْقَبْرِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنْ شُعبَةَ، عَنْ أَبِي حَمْزَةَ، عَنْ أَبْنِ عَبَّاسٍ، قَالَ جُعْلَ فِي قَبْرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَطِيفَةً حَمْرَاءً .  
 قَالَ وَقَالَ مُحَمَّدُ بْنُ بَشَّارٍ فِي مَوْضِعٍ آخَرَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، وَيَحْيَى، عَنْ شُعبَةَ، عَنْ أَبِي جَمْرَةَ، عَنْ أَبْنِ عَبَّاسٍ . وَهَذَا أَصَحُّ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٍ . وَقَدْ رَوَى شُعبَةُ، عَنْ أَبِي حَمْزَةِ الْقَصَّابِ، وَاسْمُهُ، عِمْرَانُ بْنُ أَبِي عَطَاءٍ وَرُوِيَ عَنْ أَبِي جَمْرَةِ الضَّبْعَيِّ، وَاسْمُهُ، نَصْرُ بْنُ عِمْرَانَ وَكَلَاهُمَا مِنْ أَصْحَابِ أَبْنِ عَبَّاسٍ . وَقَدْ رُوِيَ عَنْ أَبْنِ عَبَّاسٍ، أَنَّهُ كَرِهَ أَنْ يُلْقَى، تَحْتَ الْمَيِّتِ فِي الْقَبْرِ شَيْءٌ . وَإِلَى هَذَا ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ .

বাংলা

১০৪৮। ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, একটি লাল পাশমী চাদর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবরে বিছিয়ে দেয়া হয়েছিল। -সহীহ, মুসলিম (৩/৬১)

অন্য জায়গায় মুহাম্মাদ ইবনু বাশশার এই হাদীসের সনদে ইয়াহইয়ার পূর্বে মুহাম্মাদ ইবনু জাফরের নাম উল্লেখ করেছেন। আর এই সনদটি বেশি সহীহ। এ হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন। শুরা হাদীসটিকে আবু হামজা আল-কাসসাব হতে বর্ণনা করেছেন, তার নাম ইমরান ইবনু আবু আতা। আবু হামজা আয-যুরাই হতেও হাদিসটি বর্ণিত হয়েছে, তার নাম নাসর ইবনু ইমরান। তারা উভয়েই ইবনু আব্বাসের ছাত্র। বর্ণিত আছে যে, কবরে লাশের নিচে কিছু দেয়াকে ইবনু আব্বাস (রাঃ) মাকরণ মনে করতেন। এই হাদীস অনুযায়ী কোন কোন আলিম এই অভিমত গ্রহণ করেছেন।

English

Ibn Abbas narrated:

"A red velvet cloth was placed in the grave of the Prophet."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ভসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=39927>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন